

শিক্ষা

টানা তিন বছর বিশ্বের শীর্ষ ২% বিজ্ঞানীর তালিকায় বেরোবির শিক্ষক



প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: বুধস্পতিবার, ০৮ অক্টোবর ২০২৬, ১২:৩১ PM



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের অধ্যাপক ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ড. মো. ফেরদৌস রহমান টানা তিনবার বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানী ও গবেষকের তালিকায় স্থান পেয়েছেন।

যুক্তরাষ্ট্রের স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় ও এলসেভিয়ারের (Elsevier) যৌথ মূল্যায়নে ২০২৪ থেকে ২০২৬ সাল পর্যন্ত প্রকাশিত তালিকায় তিনি ধারাবাহিকভাবে এ স্বীকৃতি অর্জন করেন।

সর্বশেষ তালিকা অনুযায়ী, পদার্থবিজ্ঞান ও জ্যোতির্বিজ্ঞান (Physics & Astronomy) ক্যাটাগরিতে তাঁর বৈশ্বিক র‍্যাঙ্ক ২৮ হাজার ২৫০। অ্যাপ্লায়েড ফিজিক্স (Applied Physics) সাবফিল্ডে তাঁর অবস্থান ৫১৫তম। তাঁর গবেষক প্রোফাইলে এইচ-ইনডেক্স (H-index) ৩০ এবং এইচএম-ইনডেক্স (Hm-index) ১১।

অধ্যাপক ফেরদৌস রহমান দীর্ঘদিন ধরে নবায়নযোগ্য জ্বালানি ও উন্নত সৌরশক্তি প্রযুক্তি নিয়ে গবেষণা করছেন। টানা তিনবার বিশ্বের শীর্ষ ২ শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পাওয়ার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকদের মধ্যে আনন্দের সৃষ্টি হয়েছে।

নিজের এই অর্জনের অনুভূতি প্রকাশ করে অধ্যাপক ফেরদৌস রহমান বলেন, “আলহামদুলিল্লাহ! মহান আল্লাহর অশেষ রহমতে আমি ২০২৪-২০২৬ সালে বিশ্বের Top 2% Scientists তালিকায় স্থান লাভ করেছি। এই অর্জন আমার জন্য অত্যন্ত আনন্দের, গর্বের এবং একই সঙ্গে একটি বড় দায়িত্বের বিষয়।”

তিনি বলেন, এই স্বীকৃতি শুধু তাঁর ব্যক্তিগত অর্জন নয়। এর পেছনে তাঁর পরিবার, শিক্ষক, সহকর্মী, শিক্ষার্থী এবং গবেষণার সঙ্গে সম্পৃক্ত শুভাকাঙ্ক্ষীদের সহযোগিতা ও অনুপ্রেরণা রয়েছে।

অধ্যাপক ফেরদৌস রহমান বলেন, তাঁর গবেষণার মূল লক্ষ্য উন্নত সৌরশক্তি প্রযুক্তির মাধ্যমে টেকসই ভবিষ্যৎ নির্মাণে অবদান রাখা। কোনো স্বীকৃতিই গবেষণার শেষ নয়। বরং এটি আরও ভালো কাজ করার অনুপ্রেরণা।

ভবিষ্যতে তরুণ গবেষকদের সঙ্গে নিয়ে বিশ্বমঞ্চে বাংলাদেশের বিজ্ঞান ও গবেষণাকে আরও শক্তিশালীভাবে তুলে ধরতে চান তিনি।

এ অর্জনের পেছনে সহযোগিতা ও অনুপ্রেরণার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞতা জানান অধ্যাপক ফেরদৌস রহমান। একই সঙ্গে দেশের বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রযাত্রায় সবার দোয়া ও সহযোগিতা কামনা করেন তিনি।

এ বিভাগের আরও খবর



জবির দ্বিতীয় ক্যাম্পাসে দুই শতাধিক গাছ রোপণ ছাত্রদল নেতার
সরকারের দেশব্যাপী ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) দ্বিতীয় ক্যাম্পাসে দুই শতাধিক
গাছের চারা রোপণ করেছেন...



একাদশে ভর্তির প্রথম ধাপের ফল প্রকাশ আজ, দেখবেন যেভাবে
২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের প্রথম পর্যায়ের ফল বুধবার (১৬ সেপ্টেম্বর)
রাত ৮টায় একযোগে প্রক...



এসএসসির খাতা পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ, ফেল থেকে পাস ৪৫৮৫ শিক্ষার্থী
চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণ ও পুনর্মূল্যায়নের ফল প্রকাশ করা হয়েছে। পুনঃনিরীক্ষণের পর ফেল
থেকে পাস করেছেন ৪ হাজার ৫৮৫...



ইবতেদায়িসহ সব মাস্রাসায় চালু হবে মিড-ডে মিল: শিক্ষামন্ত্রী
শিক্ষামন্ত্রী ড. আন ম এহছানুল হক মিলন জানিয়েছেন ২০২৬-২০৩১ অর্থবছরের মধ্যে ইবতেদায়ি মাস্রাসাসহ দেশের সব মাস্রাসায়
মিড-ডে মিল চালুর পরিকল্পনা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/education/tana-tin-bchhr-bishber-shirsh-2-bijanir-talikay-berobir-shikshk>